কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

বর্ষ ৪১ সংখ্যা ৪০ | কলকাতা | বুধবার, ৫ মে ২০২১/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ২১ বৈশাখ ১৪২৮ | দাম ৪.০০ টাকা | ৮ পাতা | R. N. 37120

রাজ্যের ৭২৩৭ আস
নার্সিংয়ের ডিপ্লোমা
সার্টিফিকেট কোর্সে ভ
পরীক্ষার নমুনা প্রশ্নোত্ত
...পৃ

## স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ৫১২১ জুনিয়র অ্যাসোসিয়েট

জুনিয়র অ্যাসোসিয়েট (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস) পদে ৫,১২১ জনকে নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ হবে ক্লারিক্যাল ক্যাডারে। ৬ মাসের প্রবেশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/CR/2021-22/09.

যে-কোনও একটি রাজ্যের শূন্যপদে দরখাস্ত করবেন। যে-রাজ্যের শূন্যপদে আবেদন করবেন, প্রার্থীকে সে-রাজ্যের সরকারি ভাষা লিখতে, পড়তে, বলতে এবং বুঝতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের পাশাপাশি বাংলা, হিন্দি ও ইংরেজি ভাষা যেখানে স্বীকৃত, সেই রাজ্যগুলির মোট ২,৩৫৬টি শূন্যপদের বিষয়ে বিস্তারিত জানানো হল।

**রাজ্য অনুসারে শূন্যপদের বিন্যাস: পশ্চিমবঙ্গ (বাংলা ও নেপালি):** ২৭৩টি (সাধারণ ১১১, তফসিলি জাতি ৬২, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৬০, আর্থিক ভাবে অনগ্রসর ২৭)। এর মধ্যে ১১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ২৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ত্রিপুরা (বাংলা):** ১৯টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (হিন্দি ও ইংলিশ):** ১৫টি (সাধারণ ৯, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**সিকিম (ইংলিশ):** ১২টি (সাধারণ ৭, তফসিলি উপজাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**মধ্যপ্রদেশ (হিন্দি):** ৮৮টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ২৫, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**ছত্তিশগড় (হিন্দি):** ১২০টি (সাধারণ ৪৯, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৩৮, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**জম্মু ও কাশ্মীর (উর্দু ও হিন্দি):** ১২টি (সাধারণ ৭, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**হিমাচল প্রদেশ (হিন্দি):** ১৮০টি (সাধারণ ৭৪, তফসিলি জাতি ৪৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৩৬, আর্থিক ভাবে অনগ্রসর ১৮)। এর মধ্যে ৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**চণ্ডিগড় (হিন্দি):** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**পাঞ্জাব (হিন্দি):** ২৯৫টি (সাধার
১২০, তফসিলি জাতি ৮৫, ও বি
৬১, আর্থিক ভাবে অনগ্রসর ২৯)। এ
মধ্যে ১১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধ
২৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এব
১৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্ত
সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**দিল্লি (হিন্দি):** ৮০টি (সাধারণ ৩৩
তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি
৬, ও বি সি ২১, আর্থিক ভাবে অনগ্রস
৮)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিব
প্রতিবন্ধী, ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্ম
এবং ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী

এরপর তিনের পাতায়

## আই টি আইয়ে ইঞ্জিনিয়ার

৪০ জন ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নেবে আই টি আই লিমিটেড। প্রাথমিক ভাবে ৫ বছরের চুক্তিতে নিয়োগ হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক্স শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ITI/RB/HR/RECTT/DIP.ER/06.

**শূন্যপদের বিবরণ:** মেকানিক্যাল: ২৯টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ইলেক্ট্রিক্যাল: ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে

এরপর তিনের পাতায়

## ন্যাশনাল হাইওয়েজ অথরিটিতে ডেপুটি ম্যানেজার

ডেপুটি ম্যানেজার (টেকনিক্যাল) পদে ৪১ জনকে নেবে ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায়। প্রার্থীকে অবশ্যই গেট-২০২১ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**শূন্যপদের বিবরণ:** মোট শূন্যপদ ৪১টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি, সঙ্গে গেট-২০২১ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ৩১-১২-২০২১ তারিখের মধ্যে ফাইনাল পরীক্ষার সার্টিফিকেট হাতে পেয়ে থাকতে হবে।

**বয়স:** ২৮-৫-২০২১ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতনক্রম: ১৫,৬০০-৩৯,১০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা।

গেট-২০২১ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.nhai.gov.in দরখাস্তের শেষ তারিখ ২৮ মে। দরখাস্তের সময় স্ক্যান করে আপলোড করতে হবে এই সব নথি— ✓প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো, ✓সই, ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট, ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, ✓শিক্ষাগত যোগ্যতার নথিপত্র, ✓গেট স্কোর কার্ড (প্রতিটি জে পি জি বা জেপেগ বা পি এন জি বা জি আই এফ ফর্ম্যাটে, ১ এম বি সাইজের মধ্যে)।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর অ্যাপ্লিকেশন অ্যাকনলেজমেন্ট পাওয়া যাবে। এটির একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## পাওয়ার গ্রিড কর্পোরেশনে

### ফিল্ড ইঞ্জিনিয়ার ও ফিল্ড সুপারভাইজর


ফিল্ড ইঞ্জিনিয়ার এবং ফিল্ড সুপারভাইজর পদে ৯৭ জনকে নেবে পাওয়ার গ্রি
কর্পোরেশন অব ইন্ডিয়া। প্রাথমিক ভাবে ২ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে সংস্থ
নর্দার্ন রিজিয়ন হেড কোয়ার্টারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NR-I/01/2021/F
& FS.

**শূন্যপদের বিবরণ: ফিল্ড ইঞ্জিনিয়ার: ইলেক্ট্রিক্যাল:** ৩০টি (সাধারণ ১
তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)
এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও শ্রবণ সংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মী
জন্য সংরক্ষিত। **সিভিল:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিব
ভাবে অনগ্রসর ১)।

**ফিল্ড সুপারভাইজর : ইলেক্ট্রিক্যাল:** ৪৭টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৯,
তফসিলি উপজাতি ১, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ১টি করে

এরপর তিনের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




## স্যানিটাইজার ও জীবাণুনাশক তৈরির প্রশিক্ষণ নিয়ে উপার্জন করুন

**করোনা অতিমারির দিনকালে স্যানিটাইজার তো নিত্যসঙ্গী হয়েইছে, তার পাশাপাশি বেশি করে গুরুত্ব পাচ্ছে বাসস্থান ও তার আশপাশ পরিষ্কার রাখার প্রয়োজনীয়তা। জীবাণুনাশক হিসেবে ফিনাইল, ব্লিচিং পাউডারের চাহিদা সবসময়ই আছে। এই সব সামগ্রী তৈরির প্রশিক্ষণ দেয় প্রগতি। প্রশিক্ষণ নিয়ে স্বাধীন ব্যবসা বা চাকরি, দুইয়েরই সুযোগ আছে।**

**নিজস্ব প্রতিনিধি:** বছরের প্রথমে করোনার প্রকোপ কিছুটা কমলে আমরা স্বস্তির নিঃশ্বাস ফেলেছিলাম। কিন্তু সে সুখের দিন দীর্ঘস্থায়ী হয়নি। কয়েক গুণ সংক্রমণ-ক্ষমতা নিয়ে আবার ভয়াবহ আকারে আছড়ে পড়েছে করোনা। প্রতিদিন আক্রান্তের সংখ্যা হু-হু করে বাড়ছে। এই সময় মাস্ক ও স্যানিটাইজারের ব্যবহারই ঢাল হয়ে আমাদের রক্ষা করতে পারে। এই দু'টি জিনিস এখন আমাদের নিত্যসঙ্গী। ঘরে- বাইরে সব সময় কাছে রাখতে হচ্ছে স্যানিটাইজার। বর্তমান পরিস্থিতিতে স্যানিটাইজারের চাহিদা তুঙ্গে।



এই অতিমারি পরিস্থিতিতে নিজেকে পরিষ্কার ও সুরক্ষিত রাখার পাশাপাশি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে আমাদের আশপাশ। বিশেষ করে ঘরের মেঝে, আসবাব, শৌচালয়, স্নানঘর, নালা-নর্দমা ইত্যাদি নিয়মিত ফিনাইল, ফ্লোর ক্লিনার, ব্লিচিং পাউডার দিয়ে পরিষ্কার করলে অনেকটাই সুরক্ষিত থাকা যায়।

ফিনাইল জীবাণু প্রতিরোধক। ঘরে, বাথরুমে সর্বত্র ব্যবহার করা যায়। কাঠ, কাচ, প্লাস্টিক, সিমেন্ট ও পাথরের মেঝে ফিনাইল বা ফ্লোর ক্লিনার দিয়ে মুছলে নানা ধরনের জীবাণুকে অনেকটাই দূরে রাখা যায়। ব্লিচিং পাউডারও জীবাণুকে ধ্বংস করে। সাদা রঙের ক্যালসিয়াম হাইপোক্লোরাইট পাউডারের আর-এক নাম ব্লিচিং পাউডার। বাড়ির আনাচেকানাচে ভেজা স্যাঁতসেঁতে জায়গায় ব্লিচিং পাউডার ব্যবহার করা যায়।

বর্তমান পরিস্থিতিতে স্যানিটাইজারের মতো ফিনাইল, ফ্লোর ক্লিনার, ব্লিচিং পাউডারের চাহিদা অনেক গুণ বেড়েছে। দেশের সর্বত্র হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র, স্কুল-কলেজ, রেলস্টেশন, অফিসে এগুলির প্রয়োজন হচ্ছে, তাই

এরপর পাঁচের পাতায়

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার


## সিভিল সার্ভিসেস ও ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

53. What is the difference in Direct Recruits and promotee Assistants?
(a) 210 (b) 250 (c) 280 (d) 290
54. the promotee Clerk-I is approximately what percent of that of Direct Recruit Clerk-I?
(a) 9 (b) 10 (c) 11 (d) 12
55. How many emplyees are supervisors?
(a) 1190 (b) 1109 (c) 1230 (d) 1150
56. How many total Direct Recruits among all types of employees are there?
(a) 4000 (b) 5000 (c) 6000 (d) 7000
57. Which type of employee has maximum number of Direct Recruits?
(a) Clerk I and Officer-I (b) Officer-I (c) Clerk-I (d) Clerk-II

**Direction (58 to 62):** *The following graph gives the marks scored by a student in different subjects– English, Hindi, Mathematics, Science and social Science in an examination.*

The total marks obtained for the examination are 540.




58. The marks scored in English, science and social science exceed the marks scored in Hindi and Mathematics by what percentage?
(a) $11\frac{1}{9}$ % (b) 9% (c) 10% (d) 12%
59. The marks scored in Hindi and Mathematics exceed the marks scored in English and Social Science by:
(a) 60 (b) 50 (c) 40 (d) 30
60. The subject in which the student scored 105 marks is:
(a) English (b) Science (c) Hindi (d) Mathematics
61. The subject in which marks obtained are 22.2% is:
(a) English (b) Hindi (c) Mathematics (d) Science
62. The difference of marks between English and Science is the same as between:
(a) Science and English (b) English and Hindi (c) Mathematics and Social Science (d) Hindi and Social Science

**Data sufficiency**

In each question, a question is asked followed by two or three statements, while answering the question, you may or may not require the data provided in all the statements.

63. What is the speed of running train?
I. The train crosses another train running in the opposite direction in 72 seconds.
II. The length of first train is 100 metres.
III. The length of the second train is 180 metres.
(a) All three statements are required (b) II and III together are required (c) I and II together are required (d) None of these
64. What is the share of N?
I. M received Rs. 1200 more than O.
II. N received Rs. 800 more than M.
III. O received Rs. 1600
(a) Only I and II together are required (b) I and II are required (c) All three together are required (d) None of these
65. How much money did Praful borrow from Aakash?
I. After 8 yrs Aakash received Rs. 6400 and S.I from Praful.
II. Praful invested 50% of the borrowed money some where and received Rs. 8000.
III. After 4 years the Principal was 20% of the simple interest.
(a) I and II together are required (b) I and III together are required (c) All three together are required (d) None of these
66. What was the percentage profit Tarun earned by selling his car?
I. Tarun paid Rs. 60,000 for the car.
II. Tarun bought the motorcycle for Rs. 25000/-
III. Tarun sold his car for Rs. 100000.
(a) I and II together are required (b) II and III together are required (c) All three together are required (d) None of these
67. What was the rate of C.I on an amount of money?
I. The amount fetches a total of Rs. 945.75 as C.I at the end of 3 years.
II. The difference between the total S.I and the total C.I at the end of 2 years with same rate of interest was Rs. 15.
III. The ratio between the principal amount and the total simple interest at the end of 3 years is 20 : 3.
(a) I and II are required (b) II and III are required (c) III is required (d) None of these
68. What is the difference between two numbers A and B?

*এরপর ছয়ের পাতায়*

# রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. আন্তর্জাতিক বিচারালয়ের বিচারকের সংখ্যা কত?
(a) 32 জন (b)15 জন (c) 10 জন (d) 16 জন
2. রবীন্দ্রনাথের কোন উপন্যাসে স্বদেশি আন্দোলনের সমালোচনা পাওয়া যায়?
(a) চোখের বালি (b) ঘরে বাইরে (c) চতুরঙ্গ (d) চার অধ্যায়
3. ভারতের মৌসুমি বায়ুর প্রধান নিয়ন্ত্রক:
(a) জেল স্ট্রিম (b) তাপমান (c) হিমালয় পর্বতের অবস্থিতি (d) নিম্ন বায়ুর গতিবিধি
4. কোন অভিযানে নেতৃত্ব দিতে গিয়ে প্রীতিলতা ওয়াদ্দেদারের মৃত্যু হয়?
(a) চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন (b) ফেনি অভিযান (c) কার্পোল অভিযান (d) পহাড়তলি ইউরোপীয় ক্লাব আক্রমণ
5. এপ্রিল মাসে কোথায় ঝড়বৃষ্টির আশঙ্কা খুব বেশি?
(a) অসম (b) পশ্চিমবঙ্গ (c) বিহার (d) রাজস্থান
6. পশ্চিমবঙ্গের পঞ্চায়েতগুলি নীচের কোন কর আদায়ের ক্ষমতা রাখে:
(a) আয়কর (b) বিক্রয়কর (c) টোল ট্যাক্স জলকর (d) ভূমি রাজস্ব
7. ভারতের কোন রাজ্যে সর্বাধিক তুলো উৎপন্ন হয়?
(a) মহারাষ্ট্র (b) গুজরাট (c) অন্ধ্রপ্রদেশ (d) পাঞ্জাব
8. একই গতিশক্তিসম্পন্ন কণাগুলির মধ্যে কার ভরবেগ সর্বোচ্চ?
(a) ইলেকট্রন (b) প্রোটন (c) ডিউটেরন (d) আলফা কণা
9. ভারতীয় সংবিধান কর্তৃক সুরক্ষিত মৌলিক অধিকারের সংখ্যা:
(a) 6 (b) 7 (c) 8 (d) 9
10. সিসমোগ্রাফ হল:
(a) মেঘের ছবি তোলার যন্ত্র (b) ভূমিকম্পের তীব্রতা মাপার যন্ত্র (c) সমুদ্রের গভীরতা মাপার যন্ত্র (d) বায়ুমণ্ডলয়ের চাপের পরিবর্তন মাপার যন্ত্র
11. ভারতের কোন রাজ্যে সঞ্চিত কয়লার পরিমাণ সর্বাধিক?
(a) ওড়িশা (b) ঝাড়খণ্ড (c) ছত্তিশগড় (d) পশ্চিমবাংলা
12. পৃথিবীর দীর্ঘতম রেলওয়ে প্ল্যাটফর্ম:
(a) খড়্গপুর (b) বিশাখাপত্তনম (c) সেকেন্দ্রাবাদ (d) কানপুর
*13. 'হিগস বোসন' হল:*
*(a) সিনেমার নাম (b) একটি মৌল কণা (c) ঔষধের শ্রেণিগত নাম (d) গ্রহ*
14. বাংলায় কৌলিন্য প্রথা কে চালু করেন?
(a) গোপাল (b) বল্লাল সেন (c) লক্ষ্মণ সেন (d) ধর্মপাল
15. ভারত-চিন যুদ্ধ হয়েছিল কত সালে?
(a) 1951 (b) 1871 (c) 1962 (d) 2001
16. নেটোর (NATO) প্রধান কার্যালয়:
(a) নিউইয়র্ক (b) ভিয়েনা (c) ব্রাসেলস (d) লন্ডন
17. ভারতবর্ষ কোন সংস্থার 'পূর্ণ' সদস্য?
(a) নাফটা (NEFTA) (b) ই উ (E.U) (c) সার্ক (SAARC) (d) কোনওটিই নয়
18. কে 'নীলদর্পণ' অনুবাদ করেছিলেন?
(a) রেভঃ জেমস লং (b) উইলিয়াম কেরি (c) সতীশচন্দ্র মুখার্জি (d) মাইকেল মধুসূদন দত্ত
19. বাড়িতে ব্যবহৃত মিউরিয়েটিক অ্যাসিডে নীচের কোন অ্যাসিডটি থাকে:
(a) অ্যাসেটিক অ্যাসিড (b) হাইড্রোক্লোরিক অ্যাসিড (c) অক্সালিক অ্যাসিড (d) অ্যাকোয়া রিজিয়া (অম্লরাজ)
20. ভীল বিদ্রোহ কোথায় হয়েছিল?
(a) ছোটনাগপুর (b) সিংভুম (c) সাতরা (d) খন্দেশ
21. হিমোগ্লোবিনে কোন ধাতব আয়নটি আছে?
(a) $Mg^{++}$ (b) $Fe^{++}$ (c) $Al^{+++}$ (d) $Mn^{++}$
22. কোন জায়গাকে সাঁওতালরা 'দামিন-ই- কোহ'বলত?
(a) ধলভুম (b) পালামৌ (c) রাজমহল পাহাড় (d) হাজারিবাগ
23. এন্ডেমিক উদ্ভিদ তারাই, যারা জন্মায়:
(a) মিষ্টি জলে (b) ছায়ামুক্ত অঞ্চলে (c) অন্য উদ্ভিদের ওপরে (d) কোনও নির্দিষ্ট ভৌগলিক অঞ্চলে
24. বিখ্যাত ছবি 'ভারতমাতা' কে এঁকেছিলেন?
(a) গগনেন্দ্রনাথ ঠাকুর (b) অবনীন্দ্রনাথ ঠাকুর (c) নন্দলাল বসু (d) যামিনী রায়
25. ব্যক্তবীজী উদ্ভিদে ত্রি-নিষেক ঘটার ফলে প্রস্তুত হয়:
(a) ভ্রূণ (b) শস্য (c) সাসপেন্সর (d) বীজত্বক
26. ত্রিপিটক কোন ভাষায় লিখিত?
(a) ব্রাহ্মী (b) খরোষ্ঠী (c) পালি (d) সংস্কৃত
27. ভারতের প্রথম পারমাণবিক কেন্দ্র কোনটি?
(a) তারাপুর (b) ট্রম্বে (c) কালপক্কম (d) নারোরা
28. বুদ্ধচরিত কাব্যগ্রন্থটি কার রচনা?

*এরপর ছয়ের পাতায়*

# রাজ্যের ৭২৩৭ আসনে নার্সিংয়ের ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সে ভর্তি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

### লাইফ সায়েন্স

1. ভিটামিন D-এর রাসায়নিক নাম কী?
(a) রেটিনল (b) টোকোফেরল (c) ক্যালসিফেরল (d) সাইট্রিন
2. আরশোলার দেহে কত জোড়া পা আছে?
(a) এক জোড়া (b) তিন জোড়া (c) পাঁচ জোড়া (d) চার জোড়া
3. নীচে কার মধ্যে সবচেয়ে বড় পরাগধানী দেখা যায়?
(a) ভুট্টা (b) পদ্ম (c) কচু (d) মটর
4. উদ্ভিদের ক্লোরোসিস রোগ হয় মূলত কোন মৌলের অভাবে?
(a) ক্যালশিয়াম (b) আয়রণ (c) ম্যাগনেশিয়াম (d) লেড
5. ফসলের উৎপাদন বাড়ানোর জন্য প্রয়োজন:
(a) রোগ প্রতিরোধক্ষম বীজ (b) বিশুদ্ধবীজ (c) সংকর বীজ (d) উন্নত বীজ
6. কোনটির অভাবে গয়টার হয়?
(a) আয়োডিন (b) টোকোফেরল (c) লৌহ (d) অ্যাসকরবিক অ্যাসিড
7. মানবদেহের সবচেয়ে বড় গ্রন্থি হল:
(a) পিটুইটারি (b) যকৃৎ (c) থাইরয়েড (d) অগ্ন্যাশয়
8. ছত্রাক সংক্রমণে কোন রোগটি ছড়ায়?
(a) কলেরা (b) ডারমাটাইটিস (c) পোলিও (d) ম্যালেরিয়া
9. প্রাণীদের দীর্ঘতম কোষ কোনটি?
(a) স্নায়ুকোষ (b) পেশিকোষ (c) যকৃৎ কোষ (d) রক্তকোষ
10. পাচিত খাদ্যের শোষণ হয়:
(a) পাকস্থলীতে (b) ক্ষুদ্রান্ত্রে (c) বৃহদান্ত্রে (d) কোলনে
11. মস্তিষ্কের ইলেকট্রিক পোটেনশিয়াল কোনটির দ্বারা জানা যায়?
(a) ই সি জি (b) CT স্ক্যান (c) স্ফিগমোম্যানোমিটার (d) ই ই জি
12. মূল, কাণ্ড ও পাতায় বিন্যস্ত নয় এমন উদ্ভিদদেহ হল:
(a) টেরিডোফাইটের (b) গুপ্তবীজী উদ্ভিদের (c) শৈবালের (d) ব্যক্তবীজী উদ্ভিদে
13. জাইলেম কলা প্রধানত সংশ্লিষ্ট:
(a) উদ্ভিদের সালোকসংশ্লেষের সঙ্গে (b) উদ্ভিদের জল ও খনিজ খাদ্য পরিবহনের সঙ্গে (c) উদ্ভিদের উৎসেচক পরিবহনের সঙ্গে (d) উদ্ভিদের উৎপাদিত খাদ্যের সংগ্রহশালা হিসেবে
14. পূর্ণতা প্রাপ্ত ফাইলেরিয়া পরজীবী মানুষের যে অংশে অবস্থান করে:
(a) রক্ত (b) লসিকানালী (c) যকৃত (d) অন্ত্র
15. ADH-এর অভাবে যে রোগটি সৃষ্ট হয়:
(a) গ্রেভ এর রোগ (b) ডায়াবেটিস ইনসিপিডাস (c) ডায়াবেটিস মেলিটাস (d) কুর্শিং-এর রোগ
16. বীজের অঙ্কুরোদগমে কোন রঞ্জক পদার্থ সাহায্য করে?
(a) ফাইটোক্রোম (b) প্লাস্টোসায়ানিন (c) ফ্লোরিজেন (d) ক্লোরোফিল
17. নীচের কোন হরমোন উদ্ভিদ অংশের বার্ধক্যে বাধা দেয়?
(a) অক্সিন (b) সাইটোকাইনিন (c) অ্যাবসাইসিক অ্যাসিড (d) ইথিলিন
18. যে প্রাণীগোষ্ঠী সমুদ্র জলে পাওয়া যায় না:
(a) স্তন্যপায়ী (b) উভচর (c) সরীসৃপ (d) পক্ষী
19. হাইড্রোপনিক্স হল:
(a) মৃত্তিকা সংরক্ষণ (b) কৃত্রিম পরিবেশে উদ্ভিদ বৃদ্ধি (c) নির্দিষ্ট কালচার মিডিয়াতে উদ্ভিদের বৃদ্ধি (d) কোনওটিই নয়
20. বৃক্ক থেকে কোন উৎসেচক ক্ষরিত হয়?
(a) রেনিন (b) পেপসিন (c) ইরিপসিন (d) ওপরের সবক'টিই
21. কলসপত্রী উদ্ভিদ হল:
(a) স্বভোজী (b) পরভোজী (c) পতঙ্গভুক (d) অ্যাক্টিনোমরফিক
22. স্কার্ভি যার স্বল্পতায় হয় তা হল:
(a) ভিটামিন-A (b) ভিটামিন-B (c) ভিটামিন-C (d) ভিটামিন-D
23. সেপ্টিসিমিয়া হল:
(a) খাদ্য বিষক্রিয়া (b) রক্ত বিষক্রিয়া (c) মানসিক বৈকল্য (d) কোনওটিই নয়
24. ম্যালেরিয়া যার কারণে হয় তা হল:
(a) প্লাসমোডিয়াম (b) অ্যানোফিলিস মশা (c) কিউলেক্স মশা (d) খারাপ বাতাস
25. যে প্রাণীর আমাদের মতো দৃষ্টি আছে তা হল:
(a) কাক (b) পেঁচা (c) ঘোড়া (d) পায়রা

### ফিজিক্যাল সায়েন্স

26. দুধ হল একপ্রকার দ্রবণ যাকে বলা হয়:
(a) ইমালশন (b) জেল (c) ফেনা (d) সল
27. রক্তচাপ মাপার যন্ত্রের নাম:
(a) ব্যারোমিটার (b) স্ফিগমোম্যানোমিটার (c) টোনোমিটার (d) কোনওটাই নয়
28. ইউরেনিয়মের তেজস্ক্রিয়তা ক্ষয়ে গিয়ে তৈরি হয়:
(a) আর্সেনিক (b) টিন (c) সীসা (d) বিসমাথ
29. ভিনিগার যে পদার্থের লঘু দ্রবণ তা হল:
(a) ইথানল (b) অ্যাসিটিক অ্যাসিড (c) ফর্মিক অ্যাসিড (d) ফর্মালডিহাইড
30. কাচকে সব চাইতে ভালোভাবে বর্ণনা করা যায়:
(a) ধাতু সংকর রূপে (b) অতি শীতলীকৃত দ্রবণ রূপে (c) একটি জেল রূপে (d) ইউটেকটিক মিশ্রণ রূপে
31. ধাতু নিষ্কাষণে পাথুরে পদার্থ অপসারণে যে পদার্থ ব্যবহৃত হয় তাকে বলে:
(a) ধাত্র (b) ধাতুমল (c) বিগালক (d) খনিজমল

### উত্তর

1(c), 2(b), 3(a), 4(b), 5(c), 6(a), 7(b), 8(b), 9(a), 10(b), 11(d), 12(c), 13(b), 14(b), 15(b), 16(a), 17(b), 18(d), 19(c), 20(a), 21(c), 22(c), 23(b), 24(b), 25(d), 26(a), 27(b), 28(c), 29(b), 30(b), 31(c).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: *সাগর রায়*

# স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ৫১২১ জুনিয়র অ্যাসোসিয়েট

*প্রথম পাতার পর*

প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**উত্তরাখণ্ড (হিন্দি)**: ৭০টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**হরিয়ানা (হিন্দি)**: ১১০টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ২০, ও বি সি ২৯, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**রাজস্থান-জয়পুর (হিন্দি)**: ১৮৭টি (সাধারণ ৭২, তফসিলি জাতি ৩৩, তফসিলি উপজাতি ২৬, ও বি সি ৩৯, আর্থিক ভাবে অনগ্রসর ১৭)। এর মধ্যে ৪২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৩৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ২৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**উত্তরপ্রদেশ-লখনউ ও দিল্লি (হিন্দি ও উর্দু)**: ৩৬৯টি (সাধারণ ১৪৫, তফসিলি জাতি ৭৭, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১০৫, আর্থিকভাবে অনগ্রসর ৩৫)। এর মধ্যে ১৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ৫৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

অসম (বাংলা): ১৪৯টি (সাধারণ ৬৮, তফিসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ১৭ , ও বি সি ৪০, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী, ১৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**অরুণাচল প্রদেশ (ইংলিশ)**: ১৫টি (সাধারণ ৮, তফসিলি উপজাতি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**মেঘালয় (ইংলিশ)**: ১৪টি (সাধারণ ৭, তফসিলি উপজাতি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**নাগাল্যান্ড (ইংলিশ)**: ১০টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**দিবাং ভ্যালি ও তাওয়াং (ইংলিশ)**: ১০টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ১৬-৮-২০২১ তারিখের আগে স্নাতক হওয়ার সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

**বয়স**: ১-৪-২০২১ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা, বিবাহবিচ্ছিন্না বা আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ না করে থাকলে ৭ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ১৭,৯০০-৪৭,৯২০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের (প্রিলিমিনারি ও মেন) অনলাইন পরীক্ষা ও ভাষাগত দক্ষতা যাচাইয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের (স্টেট কোড ৪৫) পরীক্ষাকেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি। প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হবে জুনে। মেন পরীক্ষা ৩১ জুলাই।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে। মোট সময়সীমা ১ ঘণ্টা । মেন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল ইংলিশ (৪০ নম্বর), জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০ নম্বর) বিষয়ে। মোট সময়সীমা ২ ঘণ্টা ৪০ মিনিট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: https://www.sbi.co.in/careers, https://bank.sbi/careers প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৭ মে।

মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০-৫০ কেবি সাইজের মধ্যে, হালকা রং বা সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা), কালো কালিতে করা সই (১০-২০ কেবি সাইজের মধ্যে), ইংরেজিতে নির্দিষ্ট বয়ানে প্রার্থীর নিজের হাতে লেখা একটি ডিক্লারেশন (৫০-১০০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২০-৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পরে ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০২২) ২২৮২-০৪২৭।

# পাওয়ার গ্রিড কর্পোরেশনে

## ফিল্ড ইঞ্জিনিয়ার ও ফিল্ড সুপারভাইজর

*প্রথম পাতার পর*

শূন্যপদ অস্থি ও শ্রবণ সংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **সিভিল**: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি সংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা**: অন্তত ৫৫ শতাংশ নম্বর (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর) সহ ফিল্ড ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং, ফিল্ড সুপারভাইজর পদের ক্ষেত্রে ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পাওয়ার সেক্টরে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল (পাওয়ার), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাওয়ার সিস্টেমস ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) নিয়ে পড়ে থাকলেও আবেদন করা যাবে। **বয়স**: ৯-৫-২০২১ তারিখে ২৯ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ফিল্ড ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৩০,০০০-১,২০,০০০ টাকা এবং ফিল্ড সুপারভাইজর পদের ক্ষেত্রে ২৩,০০০-১,০৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ফিল্ড ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ইন্টারভিউয়ের মাধ্যমে এবং ফিল্ড সুপারভাইজর পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.powergrid.in দরখাস্তের শেষ তারিখ ৯ মে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় ইউজার আই ডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। দরখাস্তের সময় প্রার্থীর ফটো, সই, জন্ম শংসাপত্র, শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতার যাবতীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ফিল্ড ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৪০০ টাকা এবং ফিল্ড সুপারভাইজর পদের ক্ষেত্রে ৩০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আই টি আইয়ে ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

অনগ্রসর ১)। ইলেক্ট্রনিক্স: ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)।

**শিক্ষাগত যোগ্যতা**: অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। **বয়স**: ৩০-৪-২০২১ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতন**: ১৯,০২৯ টাকা।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ৪ জুলাই। পরীক্ষাকেন্দ্র লখনউ বা রায়বেরেলি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.itiltd.in দরখাস্তের শেষ তারিখ ১৫ মে। প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে। প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ দরখাস্তের প্রিন্ট আউট রেজিস্টার্ড বা স্পিড পোস্টের মাধ্যমে ২১ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: CM-HR & Legal, Recruitment Cell, ITI Limited, Sultanpur Road, Raebareli, Uttar Pradesh-229010. দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ডেডিকেটেড ফ্রেট করিডর কর্পোরেশনে ১০৭৪

জুনিয়র এক্সিকিউটিভ, এক্সিকিউটিভ এবং জুনিয়র ম্যানেজার পদে ১,০৭৪ জনকে নেবে ডেডিকেটেড ফ্রেট করিডর কর্পোরেশন। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 04/2021. .

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ১১: **জুনিয়র ম্যানেজার (সিভিল)**: ৩১টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-৩ মানের হতে হবে।

পোস্ট কোড ১২: **জুনিয়র ম্যানেজার (অপারেশনস অ্যান্ড বি ডি)**: ৭৭টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২০, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৪টি শূন্যপদ একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মার্কেটিং বা বিজনেস অপারেশন বা কাস্টমার রিলেশন বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন এবং ৬০ শতাংশ নম্বর-সহ এম বি এ বা পি জি ডি বি এ বা পি জি ডি বি এম বা পি জি ডি এম কোর্স পাশ। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-২ মানের হতে হবে।

পোস্ট কোড ১৩: **জুনিয়র ম্যানেজার (মেকানিক্যাল)**: ৩টি। এর মধ্যে ১টি শূন্যপদ একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা মেকট্রনিক্স বা ইন্ডাস্ট্রিয়াল বা প্রোডাকশন বা অটোমোবাইল বা ম্যানুফ্যাকচারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-৩ মানের হতে হবে।

বয়স: ১-১-২০২১ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

পোস্ট কোড ২১: **এক্সিকিউটিভ (সিভিল)**: শূন্যপদ ৭৩টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৮, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৯টি শূন্যপদ এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল বা সিভিল (ট্রান্সপোর্টেশন) বা সিভিল (কনস্ট্রাকশন টেকনোলজি) বা সিভিল (পাবলিক হেলথ) বা সিভিল (ওয়াটার রিসোর্স) ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-৩ মানের হতে হবে।

পোস্ট কোড ২২: **এক্সিকিউটিভ (ইলেক্ট্রিক্যাল)**: শূন্যপদ ৪২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৪) । এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৫টি এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, পাওয়ার সাপ্লাই, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক ইনস্ট্রুমেন্টেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ডিজিটাল ইলেক্ট্রনিক্স এবং পাওয়ার ইলেক্ট্রনিক্সের মধ্যে যে-কোনও একটি শাখায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ৩ বছরের ডিপ্লোমা। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-৩ মানের হতে হবে।

পোস্ট কোড ২৩: **এক্সিকিউটিভ (সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন)**: শূন্যপদ ৮৭টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ১১টি এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৮টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নির্দিষ্ট বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখার কোনও একটিতে ৩ বছরের ডিপ্লোমা। শাখাগুলি হল: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মাইক্রোপ্রসেসর, টিভি ইঞ্জিনিয়ারিং, ফাইবার অপটিক কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন, সাউন্ড অ্যান্ড টিভি ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল, ইলেক্ট্রনিক ইনস্ট্রুমেন্টেশন, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ডিজিটাল ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইলেক্ট্রনিক্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স বা টেকনোলজি। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-৩ মানের হতে হবে।

পোস্ট কোড ২৪: **এক্সিকিউটিভ (অপারেশনস অ্যান্ড বি ডি)**: শূন্যপদ ২৩৭টি (সাধারণ ৯৬, তফসিলি জাতি ৩৬, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৬৫, আর্থিক ভাবে অনগ্রসর ২৩)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩৩টি এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ১০টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-২ মানের হতে হবে।

পোস্ট কোড ২৫: **এক্সিকিউটিভ (মেকানিক্যাল)**: ৩টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ম্যানুফ্যাকচারিং বা মেকট্রনিক্স বা প্রোডাকশন বা অটোমোবাইল বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ডিপ্লোমা। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-৩ মানের হতে হবে।

বয়স: ১-১-২০২১ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩০,০০০-১,২০,০০০ টাকা।

পোস্ট কোড ৩১: **জুনিয়র এক্সিকিউটিভ (ইলেক্ট্রিক্যাল)**: শূন্যপদ ১৩৫টি (সাধারণ ৫৭, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩৪, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। এর মধ্যে ৬টি শূন্যপদ একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য এবং ১৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে।

*এরপর আটের পাতায়*


**কর্মক্ষেত্র**

**শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন**

**কর্মখালি**

**এয়ারপোর্ট ও মেট্রোতে জব**

**Govt. Reg. No: 2983 বিনা ডোনেশনে** Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 42,700/-, থাকা খাওয়া ফ্রী। S. C, G. C. Kol-59. M: 83709-56460.

□

**এয়ারপোর্ট ও ব্যাঙ্কে জব**

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে** কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। N. D, C. Avenue, Kol-07, (M): 83709-73452.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

**দমদম Airport-এ কন্ট্রাক্টরের অধীনে ও** ব্যাঙ্ক (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,700/- – 42,300/-, থাকা-খাওয়া ফ্রী। A. C, কলেজ স্ট্রীট মোড়, Kol-13, (M): 74073-30329.

□

**URGENT REQUIREMENT**

**পঃ বাংলার বিভিন্ন প্রান্তের M/Fদের প্রাঃ** ব্যাঙ্ক বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন: 16,500/- – 32,700/-. বয়স: 18-40, সবরকম সুযোগ সুবিধা। R. P. VIP, কেস্টপুর, Kol-59, (M): 78725-15101.

**স্কুল-কলেজ শিক্ষা**

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারী, প্রাইমারী ও মন্তেস্বরী টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। Approved by B.S.S Govt. of India & IAO (USA). Placement Assistance. কবিগুরুপাঠভবন, শ্যামবাজার, টালিগঞ্জ, হাওড়া: 98308-15220 / 90510-74736.

□

**ANM নার্সিং (2 বছর)**

**Approved by BSS/NSDC** (Govt. of India) Online-এ ভর্তি চলছে। Installment ও Hostel-এর সুবিধা। Placement Assistance. Global Technical Institute (বেলেঘাটা-ফুলবাগান) 92315-51285 / 92301-13485.

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৮ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৯ মের **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৫ মে দুপুর ২টো পর্যন্ত।

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

# কারেন্ট অ্যাফেয়ার্স

১২ এপ্রিল-১৬ এপ্রিল

**১২ এপ্রিল** মুখ্যমন্ত্রী তথা তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রচারে ২৪ ঘণ্টার জন্য নিষেধাজ্ঞা জারি করল নির্বাচন কমিশন। এদিন রাত আটটা থেকে পরের দিন রাত আটটা পর্যন্ত তা কার্যকর থাকবে। এই সময়ের মধ্যে মমতা বন্দ্যোপাধ্যায় প্রচার করতে পারবেন না। কমিশন সূত্রে জানানো হয়েছে, বিভিন্ন জনসভায় তৃণমূল নেত্রীর উস্কানিমূলক মন্তব্য আদর্শ আচরণবিধি বা জনপ্রতিনিধিত্ব আইনের একাধিক ধারাকে ভঙ্গ করেছে, যা আইন-শৃঙ্খলার সমস্যা তৈরি করে নির্বাচনী প্রক্রিয়ায় প্রভাব ফেলতে পারে। তারই পরিপ্রেক্ষিতে কমিশনের এই সিদ্ধান্ত বলে জানা গিয়েছে। এই নির্দেশের প্রতিবাদ জানিয়ে তিনি টুইট করেন, 'কমিশনের অগণতান্ত্রিক এবং অসাংবিধানিক সিদ্ধান্তের প্রতিবাদে বেলা ১২টা থেকে গান্ধীমূর্তির পাদদেশে ধর্নায় বসব।' তিনি যোগ করেন, রাত আটটার পরে তিনি ফের প্রচারে নামবেন।

**প্রতিষেধক নিয়ে দেশ জুড়ে হাহাকারের মধ্যেই তৃতীয় টিকাটি ছাড়পত্র পেল ভারতে— রাশিয়ার স্পুটনিক ভি।** অক্সফোর্ড। অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনাকা সংস্থার কোভিশিল্ড, দেশীয় সংস্থা ভারত বায়োটেকের কোভ্যাক্সিনের পরে এ বার মস্কোর গামালেয়া রিসার্চ ইনস্টিটিউট অব এপিডিমিয়োলজি অ্যান্ড মাইক্রোবায়োলজি সংস্থার তৈরি স্পুটনিক ভি প্রতিষেধককে ১২ এপ্রিল ছাড়পত্র দিল প্রতিষেধক সংক্রান্ত বিশেষজ্ঞ কমিটি। ছাড়পত্র মিলেছে ড্রাগস কন্ট্রোলার জেনারেল অব ইন্ডিয়া (ডি সি জি আই)-এর তরফেও। গত অক্টোবরে ভারতে ১৮ থেকে ৯৯ বছর বয়সি প্রায় ১৬০০ ব্যক্তির উপরে এই প্রতিষেধক পরীক্ষা করে রেড্ডি'জ সংস্থা। রাশিয়ায় স্পুটনিকের ফলাফল ও ভারতে প্রতিষেধক প্রয়োগের প্রাথমিক ফলাফলের ভিত্তিতে সরকারের প্রতিষেধক সংক্রান্ত বিশেষজ্ঞ কমিটির কাছে ছাড়পত্র চেয়ে আবেদন করে রেড্ডি'জ। দাবি করা হয়, স্পুটনিক ভি-র কার্যকারিতা প্রায় ৯১.৬ শতাংশ।


**মুখ্য নির্বাচন কমিশনারের পদে নিযুক্ত হলেন সুশীল চন্দ্র।** এদিন এক বিজ্ঞপ্তিতে ১৯৮০ ব্যাচের এই আই এ এস-এর নিয়োগের কথা জানিয়েছে ভারত সরকার। ২০২২ সালের ১৫ মে পর্যন্ত তিনি ওই পদে থাকবেন। পশ্চিমবঙ্গ বিধানসভা ভোটের বাকি পর্ব ছাড়াও তাঁর ওই পদে থাকার সময়ে উত্তরপ্রদেশ, গোয়া, মণিপুর, উত্তরাখণ্ড ও পঞ্জাবের বিধানসভা নির্বাচন হওয়ার কথা। প্রসঙ্গত, এর আগে কেন্দ্রীয় প্রত্যক্ষ কর পর্ষদের চেয়ারম্যানের দায়িত্বে ছিলেন তিনি।

## উইনসর ক্যাসেলে সমাধিস্থ প্রিন্স ফিলিপ



**১৬ এপ্রিল:** প্রিন্স ফিলিপের শেষ ইচ্ছানুসারেই আড়ম্বরহীন ভাবেই শেষকৃত্য সম্পন্ন করা হল। উইনসর ক্যাসেলে সমাধিস্থ করা হয় তাঁকে। অন্ত্যেষ্টির সময়ে যে গাড়িতে করে কফিন নিয়ে যাওয়া হল, সেই ল্যান্ড রোভারের নকশা তিনি নিজেই এঁকেছিলেন। এদিন সকাল ১১টা নাগাদ উইনসর ক্যাসেলে শুরু হয় শেষকৃত্যের অনুষ্ঠান। নৌ বাহিনীর টুপি, তলোয়ার আর ফুল-মালায় সাজানো কফিন প্রথমে নিয়ে আসা হয় 'ইনার হল'-এ। সেখান থেকে বাহকদের কাঁধে চেপে কফিন পৌঁছয় ল্যান্ড রোভারে। যাত্রায় গাড়ির পিছনে ছিলেন রানি ও রাজপরিবারের সদস্যেরা। সেন্ট জর্জেস চ্যাপেলে স্থানীয় সময় দুপুর তিনটে নাগাদ ফিলিপকে সমাধিস্থ করা হয়। পৌরহিত্য করেন ক্যান্টারবেরির আর্চবিশপ।

## কুম্ভ স্নানে বেলাগাম সংক্রমণ



**১৫ এপ্রিল:** হরিদ্বারের কুম্ভে ১৭০০ ছাড়াল আক্রান্তের সংখ্যা। গোটা দেশে সংক্রমণকালে কুম্ভমেলার মতো বড় জমায়েত পরিস্থিতি নাগালের বাইরে করে দেবে বলে প্রথম থেকেই আশঙ্কা প্রকাশ করেছিলেন স্বাস্থ্য ব্যবস্থার সঙ্গে যুক্ত আধিকারিকরা। সরকারকে সতর্কও করা হয়েছিল। কিন্তু কুম্ভমেলা বন্ধ করা তো কোন ছাড়, কেন্দ্র এবং উত্তরাখণ্ডের বি জে পি সরকারের সহযোগিতাতেই করোনাকালে বিশ্বের বৃহত্তম ধর্মীয় জমায়েত হয়েছে হরিদ্বারে। মেলা সূত্রে জানানো হয়েছে, সোমবতী অমাবস্যা এবং মেষ সংক্রান্তির শাহি স্নানে প্রায় ৪৮ লক্ষ মানুষ স্নান করেছেন গঙ্গার বিভিন্ন ঘাটে। এঁদের মধ্যে ৯৯ শতাংশই কোনও স্বাস্থ্যবিধি মানেননি বলে মেনে নিচ্ছেন কুম্ভমেলার সঙ্গে যুক্ত সরকারি স্বাস্থ্য আধিকারিকেরা।



"বলেছিলাম ডাবল সেঞ্চুরি করব। বাংলার জয় হয়েছে। বাংলা সারা ভারতকে বাঁচিয়ে দিয়েছে।"

মমতা বন্দ্যোপাধ্যায়, *পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী*
বিধানসভা নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে তৃতীয় দফায় মুখ্যমন্ত্রী নির্বাচিত হওয়ার পরে

**১৩ এপ্রিল** দেশে ক্রমশ অবনতি হচ্ছে করোনা পরিস্থিতির। এদিন কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক জানায়, গত ২৪ ঘণ্টায় গোটা দেশে সংক্রমণের ৮০.৮ শতাংশই ১০টি রাজ্যে। এই রাজ্যগুলির মধ্যে শীর্ষে মহারাষ্ট্র (৫১,৭৫১)। মোট অ্যাক্টিভ রোগীর ৪৪.৭৮ শতাংশও মহারাষ্ট্রে। দৈনিক মৃতের নিরিখেও প্রথমে মহারাষ্ট্রই (২৫৮)। গোটা পরিস্থিতিতে উদ্বিগ্ন মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে রাত আটটা থেকে ১৪৪ ধারা জারি করার কথা ঘোষণা করলেন। তিনি জানান, রাত আটটা থেকে পরবর্তী ১৫ দিন পর্যন্ত গোটা রাজ্যে ১৪৪ ধারা জারি করা হচ্ছে। তবে সমস্ত জরুরি পরিষেবা চালু থাকবে (সকাল ৭টা থেকে রাত ৮টা পর্যন্ত)। স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন বিপণি খোলা থাকবে। জরুরি পরিষেবার সঙ্গে যুক্ত ব্যক্তিরা সরকারি পরিবহণ ব্যবহার করতে পারবেন বলেও জানান তিনি। কোভিড-বিধি অমান্য করলে জরিমানা করা হবে।

**সুনামিতে ক্ষতিগ্রস্ত ফুকুশিমা** পারমাণবিক কেন্দ্র থেকে ১০ লক্ষ টন তেজস্ক্রিয় জল সরাসরি প্রশান্ত মহাসাগরে ছাড়ার পরিকল্পনায় সায় দিল জাপান। যা ঘিরে শুরু হয়েছে প্রবল বিতর্ক। কেন্দ্রটির অপারেটর 'টোকিয়ো ইলেক্ট্রিক পাওয়ার' ও জাপান সরকার জানিয়েছে, ওই জল পরিশুদ্ধ করে তেজস্ক্রিয়তার মাত্রা বিপজ্জনক স্তরের নীচে নামিয়ে তবেই সমুদ্রে ছাড়া হবে। কিন্তু স্থানীয় মৎস্যজীবী সম্প্রদায় তো বটেই, চিন ও দক্ষিণ কোরিয়া জাপানের এই সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করেছে। ২০১১ সালের ভূমিকম্প ও সুনামিতে হাইড্রোজেন বিস্ফোরণ হয়ে ফুকুশিমার তিনটি পারমাণবিক চুল্লি ধ্বংস হয়ে যায়। অতিরিক্ত তাপের ফলে চুল্লির ভিতরে চাপ সৃষ্টি হওয়ায় অভ্যন্তরভাগ গলে যায় ও শীতলীকরণ প্রক্রিয়া নষ্ট হয়ে যায়। এই চুল্লিগুলিতে ফের ঠান্ডা করতে ১০ লক্ষ টন জল ব্যবহার করা হয়। চুল্লির তেজস্ক্রিয় বর্জ্য মিশ্রিত সেই জল থেকে বর্তমানে শোধন প্রক্রিয়ায় তেজস্ক্রিয় উপাদানগুলি বাদ দেওয়ার প্রক্রিয়া চলছে। কিন্তু ট্রিটিয়াম-সহ বেশ কিছু ক্ষতিকারক পদার্থ জল থেকে সম্পূর্ণ রূপে বাদ দেওয়া সম্ভব নয়। পরিবেশ সংরক্ষণের সঙ্গে যুক্ত একাধিক সংগঠন তাই প্রথম থেকেই জাপানের এই সিদ্ধান্তের বিরোধিতা করছে।

**ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ ক্রিকেট** প্রতিযোগিতায় মুম্বই ইন্ডিয়ান্সের কাছে ১০ রানে হারল কলকাতা নাইট রাইডার্স। এদিন প্রথমে ব্যাট করে মুম্বই ১৫২ রান করে। সূর্যকুমার যাদব ৩৬ বলে ৫৬ রান করেন। জবাবে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১৪২ রানের বেশি তুলতে পারেনি কলকাতা। ২৭ রানে ৪ উইকেট নিয়ে ম্যাচের সেরা হন রাহুল চাহার।

**১৪ এপ্রিল** সারা দেশে করোনা পরিস্থিতি ভয়াল আকার ধারণ করায় দশম শ্রেণির বোর্ড পরীক্ষা পিছিয়ে দিল সি বি এস ই বোর্ড। স্থগিত রাখা হয়েছে দ্বাদশ শ্রেণির পরীক্ষাও। করোনা পরিস্থিতি পর্যালোচনা করে ১ জুন ওই পরীক্ষার বিষয়ে বোর্ড ফের সিদ্ধান্ত নেবে বলে জানা গিয়েছে। পিছিয়ে দেওয়া হয়েছে আই সি এস ই বোর্ডের দশম ও দ্বাদশ শ্রেণির পরীক্ষা। স্থগিত রাখা হয়েছে মেডিক্যালে স্নাতকোত্তর স্তরে প্রবেশিকা পরীক্ষা নিট।

**করোনা সংক্রমণে নয়া শিখর স্পর্শ করার পথে দেশ।** দেশে এক দিনে করোনা আক্রান্তের সংখ্যা দু'লক্ষ স্পর্শ করার কাছাকাছি। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের দেওয়া তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় ১ লক্ষ ৮৪ হাজার ৩৭২ জন অকার্নত হয়েছেন। যা দেশে করোনা পর্বে এখনও পর্যন্ত সর্বোচ্চ। মৃতের সংখ্যাও পাল্লা দিয়ে বেড়েছে। একদিনে মৃত্যু হয়েছে ১,০২৭ জনের। মাস ছয়েক আগে শেষ বার দেশে মৃতের সংখ্যা হাজার ছাড়িয়েছিল। তার পর তা কমতে কমতে একশোর নীচে নেমে এসেছিল। কিন্তু করোনার দ্বিতীয় ঢেউয়ে ফের টালমাটাল অবস্থা। গত কয়েক সপ্তাহ ধরেই ধারাবাহিক ভাবে বাড়ছে সংক্রমণ আর মৃত্যু। এখনও পর্যন্ত দেশে করোনায় মৃত্যু হয়েছে ১,৭২,০৮৫ জনের।

**ক্রমশ উর্ধ্বমুখী করোনা সংক্রমণের গ্রাফ।** করোনার দাপট ২০২০ সালেই শেষ হয়ে যাবে, এমনটাই বিশ্বাস করতে শুরু করেছিল বিশ্ববাসী। টিকাকরণ শুরু হওয়ায় বিশ্বাস আরও জোরদার হয়। কিন্তু বাস্তব পরিস্থিতি সম্পূর্ণ বদলে গেল করোনা সংক্রমণের দ্বিতীয় ঢেউ আছড়ে পড়ায়। গত এক সপ্তাহে গোটা বিশ্বে নতুন করে সংক্রমিত হয়েছেন ৪৫ লক্ষ মানুষ। মৃত্যু হয়েছে ৭৬ হাজারের। সংক্রমণ প্রায় ৭ শতাংশ বেড়েছে। সংক্রমণ বৃদ্ধিতে প্রথম পাঁচে রয়েছে ভারত, আমেরিকা, ব্রাজিল, তুরস্ক এবং ফ্রান্স।

## নীরব মোদির প্রত্যর্পণে সই ব্রিটিশ মন্ত্রীর



**১৬ এপ্রিল:** ভুয়ো নথি দিয়ে পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক থেকে ১৪ হাজার কোটি টাকা ঋণ নিয়ে ফেরার হয়ে যাওয়া নীরব মোদীকে ভারতে প্রত্যর্পণে ছাড়পত্র দিল ব্রিটিশ সরকার। ব্রিটেনের স্বরাষ্ট্রমন্ত্রী প্রীতি পটেল এদিন এই সংক্রান্ত নির্দেশে স্বাক্ষর করেছেন বলে তাঁর দপ্তরের মুখপাত্র জানিয়েছেন। ২০১৯-এর ১৯ মার্চ ধরা পড়ার পরে আপাতত দক্ষিণ-পশ্চিম লন্ডনের ওয়ান্ডসওয়ার্থ কারাগারে বন্দি রয়েছেন বছর পঞ্চাশের নীরব। ফেব্রুয়ারির ২৫ তারিখে ওয়েস্টমিনিস্টার ডিস্ট্রিক্ট কোর্টের বিচারক স্যাম গুজি ঘোষণা করেন, সি বি আই এবং ই ডি-র অভিযোগের নথিপত্র খতিয়ে দেখে তিনি নিশ্চিত হয়েছেন, আসামি হিসেবে ভারতের কাঠগড়ায় দাঁড়ানো উচিত ব্যবসায়ী নীরব মোদীর। ভারতের বিচার ব্যবস্থাও যথেষ্ট পরিচ্ছন্ন। ব্রিটিশ সরকারের উচিত তাঁকে ভারত সরকারের কাছে হস্তান্তর করা। তার পরে এদিন নীরবকে হস্তান্তরের অনুমোদন পত্রে স্বাক্ষর করেন ব্রিটিশ স্বরাষ্ট্রমন্ত্রী প্রীতি পটেল।

## ইউরোপে প্রাণহানি ১০ লক্ষ ছাড়াল, চিন্তায় হু



**১৫ এপ্রিল:** ইউরোপে দশ লাখের গণ্ডি ছাড়াল মৃত্যু। এদিন সাংবাদিক বৈঠক করে এ কথা জানিয়েছেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-র ইউরোপ শাখার আঞ্চলিক ডিরেক্টর হান্স ক্লুগ। হান্স জানান, প্রতি সপ্তাহে ইউরোপে নতুন করে আক্রান্ত হচ্ছেন ১৬ লক্ষ মানুষ। অর্থাৎ ঘণ্টায় ৯৫০০ জন, মিনিটে ১৬০ জন। ইতালি, ফ্রান্সের পাশাপাশি জার্মানির পরিস্থিতিও ক্রমশ ঘোরালো হচ্ছে। সেখানে গত ২৪ ঘণ্টায় ২৯৩ জনের মৃত্যু হয়েছে। ফ্রান্সে প্রতি ১০ লক্ষ বাসিন্দার মধ্যে ১৫২৬ জনের প্রাণহানি ঘটেছে। ইটালিতে ১৯১৩ জনের। ব্রিটেনে ১৮৬৫ জনের। গোটা বিশ্বে এ ভাবে এক সঙ্গে সংক্রমণ বেড়ে যাওয়ার অন্যতম কারণ, নতুন একটি স্ট্রেন। ১৩২টি দেশে ছড়িয়ে পড়েছিল ব্রিটেনের অতিসংক্রামক বি.১.১.৭ ভেরিয়্যান্ট। দক্ষিণ আফ্রিকায় প্রথম দেখা মেলে বি.১.৩৫১। এখন অন্তত ৮২টি দেশে ছড়িয়ে পড়েছে এটি। পি.১ প্রথম চিহ্নিত হয়েছিল ব্রাজিলে। বর্তমানে এই ব্রাজিল স্ট্রেনের খোঁজ মিলেছে অন্তত ৫২টি দেশে।

**১৬ এপ্রিল** করোনা ভাইরাসের বলি এ বার ১৯৫৬ সালে মেলবোর্ন অলিম্পিক্সে ভারতীয় ফুটবল দলের অন্যতম সদস্য আহমেদ হোসেন। এদিন বেঙ্গালুরুর এক হাসপাতালে ৮৯ বছর বয়সে প্রয়াত হন তিনি। ১৯৫১ সালে হাদরাবাদ সিটি পুলিশ দলে খেলার সময়ে এশিয়ান গেমসের জন্য জাতীয় দলে নির্বাচিত হন আহমেদ হোসেন। ১৯৫৬ সালে মেলবোর্ন অলিম্পিক্সেও ভারতীয় দলের অন্যতম সদস্য ছিলেন তিনি। ১৯৫৮ সালে টোকিয়ো এশিয়ান গেমস ও ১৯৫৯-এ মারডেকা প্রতিযোগিতায় ভারতীয় দলের প্রতিনিধিত্ব করেছেন তিনি। কলকাতা ময়দানে মহমেডান ও মোহনবাগানের হয়েও খেলেছেন তিনি।

**কমিউনিস্ট পার্টির কংগ্রেসে কিউবার** প্রেসিডেন্ট মিগুয়েল ডিয়াজ-ক্যানেলের হাতে কমিউনিস্ট পার্টির শীর্ষ পদ ফার্স্ট সেক্রেটারির দায়িত্ব তুলে দিলেন রাউল কাস্ত্রো। সেই সঙ্গে আনুষ্ঠানিক ভাবে শেষ হল কিউবার রাজনীতির একটা অধ্যায়। ছ'দশক পরে পরিবর্তন ঘটল কিউবার কমিউনিস্ট সরকারের নেতৃত্বে। শাসক কমিউনিস্ট পার্টির শীর্ষ পদে রইলেন না কাস্ত্রো পদবির কেউ। কিন্তু এই পরিবর্তনে কিউবার শাসনতন্ত্রের কোনও পরিবর্তন হওয়ার সম্ভাবনা নেই। কারণ ক্ষমতা থাকছে কমিউনিস্ট পার্টির হাতেই।

## নির্বাসিত হিথ স্ট্রিক



**১৪ এপ্রিল:** এক ভারতীয় জুয়াড়ির সঙ্গে যোগাযোগ রাখার অভিযোগে আট বছরের জন্য নির্বাসিত হলেন জিম্বাবোয়ের প্রাক্তন অধিনায়ক হিথ স্ট্রিক। ২০১৮ সালে, যখন স্ট্রিক কলকাতা নাইট রাইডার্সের বোলিং কোচ ছিলেন, তখন প্রায় পনেরো মাস ধরে নিয়মিত ভাবে এই ভারতীয় জুয়াড়ির সঙ্গে যোগাযোগ রেখে গিয়েছেন স্ট্রিক। জানা গিয়েছে, তিনি জুয়াড়ির থেকে প্রায় ৩৫,০০০ মার্কিন ডলার নিয়েছেন। আই সি সি দুর্নীতি দমন শাখা পাঁচটি আইন লঙ্ঘনের অভিযোগ দায়ের করেছে স্ট্রিকের বিরুদ্ধে।

## এশিয়ান চ্যাম্পিয়নশিপে সোনা ভিনেশ ফোগতের



**১৬ এপ্রিল:** এশিয়ান চ্যাম্পিয়নশিপে সোনা জয়ের অধরা স্বপ্ন পূরণ হল ভিনেশ ফোগতের। ৫৩ কেজি বিভাগে চ্যাম্পিয়ন হলেন তিনি। এর আগে এশীয় প্রতিযোগিতায় সাত বার পদক জিতেছেন বিনেশ। যার মধ্যে তিন বার পেয়েছেন রুপো। এদিন ফাইনালে তাইপের মেং সুয়ান সিয়ে-র মুখোমুখি হন তিনি। বিনেশ দ্রুত ৬-০ এগিয়ে যান। এর পরে আর প্রতিপক্ষকে এগোনোর কোনও সুযোগ না দিয়ে সোনা জিতে নেন।


# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## বিকল্প কাজ কী-কী করতে পারো তার একটা চার্ট তৈরি করে রাখো



অজিতা বৈদ্য
স্টেট হেড, মহারাষ্ট্র
ফ্যাব ইন্ডিয়া



করোনা ভাইরাসের প্রবল সংক্রমণ আমাদের আবার গৃহবন্দি করে ফেলছে। গত বছর লকডাউনের জেরে বহু সংখ্যক মানুষের চাকরি চলে গিয়েছিল। ব্যবসায় মন্দা, কর্মী ছাঁটাই, নতুন নিয়োগ বন্ধ— সব মিলিয়ে দেশের অর্থনীতিতে ধস নামে। তার জের কাটিয়ে ওঠার আগেই সংক্রমণের দ্বিতীয় তরঙ্গের সামনে মানুষ দিশেহারা। দেশে বিক্ষিপ্ত ভাবে ফের লকডাউন শুরু হয়েছে।

এই অবস্থায় যাঁরা অস্থায়ী কর্মী হিসেবে কাজে যোগ দিয়েছিলেন তাঁরা আবার বিপদে পড়ছেন। কর্মী নিয়োগ প্রক্রিয়া শুরু করার পরে আবার তা বন্ধ হয়ে গিয়েছে বহু সংস্থায়। ফলে, নিজেকে উপযুক্ত করে গড়ে তোলার জন্য এখন চাকরি এবং ব্যবসা দুইয়েরই প্রস্তুতি নিয়ে রাখতে হবে। আগামী বছরেও যে সব ঠিক হয়ে যাবে এমন কথা কেউ বলতে পারছে না। ফলে, চাকরি পাওয়া না গেলে কী করবে আর চাকরি মনের মতো না হলে কী করবে, তার একটা চার্ট তৈরি করে ফেলো।

### বিকল্প কাজের ব্যবস্থা

করোনা পরিস্থিতিতে অনেকেই শোচনীয় অবস্থার মধ্য দিয়ে গিয়েছেন। আবার অনেকেই এই সময়ের প্রয়োজন-অপ্রয়োজন বুঝে সেই অনুযায়ী কাজ করে সাফল্য পেয়েছেন। বাজারের চাহিদা বুঝে বিভিন্ন পণ্য জোগান দেওয়ার ব্যবসা করতে পারো। যেমন, বাড়ি বাড়ি পৌঁছে দেওয়ার ব্যবস্থা-সহ চাল, ডাল, তেল, মশলা বা সব্জির ব্যবসা এখন আবার খুবই প্রাধান্য পাচ্ছে। লাভজনকও হচ্ছে। বড় বড় সংস্থাও হোম ডেলিভারি দিয়ে পেরে উঠছে না।

হেলথ ইন্ডাস্ট্রি এখন সবচেয়ে লাভজনক জায়গায় আছে। অক্সিজেন, ওষুধ, মাস্ক, স্যানিটাইজারের চাহিদা আকাশছোঁয়া। এই ইন্ডাস্ট্রিতে চাকরির অভাব নেই এখনও। অন্য দিকে, ব্যবসারও সুযোগ আছে। এই ধরনের জায়গাগুলো চিহ্নিত করো। রোজকার খবরে নজর রাখলেই জানতে পারবে কোন ইন্ডাস্ট্রি কখন বাজার দখল করছে। কোন ধরনের ব্যবসা লাভের মুখ দেখছে। যেমন, ছাত্রছাত্রীদের প্রাইভেট টিউশন ব্যবস্থা এখন ক্রমশ কর্পোরেট চেহারা নিচ্ছে। লার্নিং অ্যাপ তৈরি হচ্ছে। সেখানে সব শ্রেণির, সব বিষয়ে পড়ানোর ব্যবস্থা থাকছে। এই সব সংস্থায় শিক্ষকতার কাজের জন্য আবেদন করা যায়। সেই সঙ্গে ব্যাক অফিস, ফ্রন্ট অফিস কাজের জন্যও আবেদন করা যেতে পারে।

> নতুন নতুন কাজের জায়গা তৈরি হচ্ছে। নতুন কাজ মানেই পারব না, জানি না, ভেবে কখনও হতাশ হয়ে যেও না। এখন যা পরিস্থিতি, একেবারে অনভিজ্ঞ ছেলেমেয়েও প্রশিক্ষণ ছাড়াই বিভিন্ন ধরনের কাজে যোগ দিচ্ছে। শেখার তাগিদ আর জীবিকার প্রয়োজন থাকলে কাজ করতে করতেই শিখে নিতে পারবে।

অর্থাৎ নতুন নতুন কাজের জায়গা তৈরি হচ্ছে। নতুন কাজ মানেই পারব না, জানি না, ভেবে কখনও হতাশ হয়ে যেও না। এখন যা পরিস্থিতি, একেবারে অনভিজ্ঞ ছেলেমেয়েও প্রশিক্ষণ ছাড়াই বিভিন্ন ধরনের কাজে যোগ দিচ্ছে। শেখার তাগিদ আর জীবিকার প্রয়োজন থাকলে কাজ করতে করতেই শিখে নিতে পারবে।

## স্যানিটাইজার ও জীবাণুনাশক তৈরির প্রশিক্ষণ নিয়ে উপার্জন করুন

*প্রথম পাতার পর*

চাহিদাও বিপুল পরিমাণে বেড়েছে। এই সময় এগুলির ব্যবসা আপনাকে যেমন লাভের মুখ দেখাবে, তেমনই অতিমারির এই দুঃসময়ে দেশের মানুষের পাশে দাঁড়িয়ে কাজ করতে পারাও তৃপ্তি দেবে। তবে ব্যবসা শুরু করার আগে প্রয়োজন প্রশিক্ষণ এবং লাইসেন্স।

### ভাইরাস ও জীবাণুনাশক তৈরির প্রশিক্ষণ নিতেই ভিড় সবচেয়ে বেশি


*সোমনাথ রায়চৌধুরী*
*কর্ণধার,প্রগতি*

বর্তমান পরিস্থিতিতে স্যানিটাইজার ছাড়া চলার উপায় নেই। তাই এর চাহিদা তুঙ্গে। পাশাপাশি ফিনাইল, ব্লিচিং পাউডার, কার্বলিক অ্যাসিড, ফ্লোর ক্লিনারের চাহিদা সব সময়ই আছে। অতিমারি পরিস্থিতিতে সেই চাহিদা আরও বেড়েছে। এই দু'টি কোর্সে প্রশিক্ষণ নিতে সবচেয়ে বেশি ছাত্রছাত্রীরা আসছেন।

এই সামগ্রীগুলির চাহিদা শুধু নিজের এলাকায় সীমাবদ্ধ নয়, সমগ্র রাজ্য এবং দেশভর চাহিদা রয়েছে। তাই ব্যবসার পরিসরটি বড়। তবে প্রথমে অল্প পুঁজি নিয়ে ছোট আকারে ব্যবসা শুরু করা ভালো। গুণগত মান ভালো হলে ব্যবসার পরিমাণ বাড়বে। তবে ব্যবসা শুরু করার জন্য লাইসেন্স প্রয়োজন। কী ভাবে লাইসেন্স পেতে হয় তা আমরাই জানিয়ে দিই প্রশিক্ষণের সময়। মার্কেটিংয়ের ব্যাপারেও প্রশিক্ষণ দেওয়া হয়।

আমাদের এখানে স্যানিটাইজার তৈরির কোর্সে রুম, টয়লেট এবং কার স্যানিটাইজার, হ্যান্ড স্যানিটাইজার, জেল স্যানিটাইজার, পকেট স্যানিটাইজার— ছ'রকম স্যানিটাইজার তৈরি শেখানো হয়। ফিনাইলের কোর্সে তিন রকমের সাদা ফিনাইল, দু'রকমের কালো ফিনাইল, নিম থেকে তৈরি ফিনাইল অর্থাৎ নিমাইল, ব্লিচিং পাইডার, ফ্লোর ক্লিনার ও কার্বলিক অ্যাসিড তৈরি করা শেখানো হয়।

প্রশিক্ষণ শেষ হয়ে যাওয়ার পরেও ব্যবসা করার সময় এখানকার ছাত্রছাত্রীদের কোনও সমস্যা হলে সম্পূর্ণ বিনামূল্যে তাঁদের পরামর্শ দেওয়া হয় এবং সমস্যার সমাধান করা হয়। অন্য দিকে, প্রাক্তন ছাত্রছাত্রীরা যোগাযোগ রাখলে আমাদেরও সুবিধা হয়। যাঁরা ব্যবসা করছেন তাঁরা বর্তমান বাজারের চাহিদা সম্পর্কে আমাদের আপডেট দেন। আমরাও প্রশিক্ষণের সময় সেটা খেয়াল রাখি।



### প্রশিক্ষণ

**প্রগতি রিসার্চ ইনস্টিটিউট**

কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত প্রগতি রিসার্চ ইনস্টিটিউট স্যানিটাইজার, ফিনাইল, ব্লিচিং পাউডার ইত্যাদি তৈরির প্রশিক্ষণ দিয়ে থাকে। প্রগতি ভারত সরকারের ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের অন্তর্ভুক্ত। প্রগতিতে স্যানিটাইজার ও ফিনাইল তৈরির প্রশিক্ষণে ভর্তি হওয়ার জন্য বছরের যে-কোনও সময়ই আবেদন করা যায়।

ফিনাইল তৈরির প্রশিক্ষণের মেয়াদ তিন মাস। ফি ৯,৮০০ টাকা। ফিনাইল তৈরির কোর্সে ফ্লোর ক্লিনার, ব্লিচিং পাউডার ও কার্বলিক অ্যাসিড তৈরিও শেখানো হয়।

স্যানিটাইজার তৈরির প্রশিক্ষণের মেয়াদ ১০ দিন। ফি ৫,০০০ টাকা।

দু'টি প্রশিক্ষণের ক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল পাশ। সপ্তাহে ২ দিন ক্লাস। ছাত্রছাত্রীরা তাঁদের সুবিধা অনুযায়ী শুক্রবার বাদে সপ্তাহের যে-কোনও দু'টি দিনে প্রশিক্ষণ নিতে পারেন।

উভয় ক্ষেত্রেই হাতে-কলমে কাজ শেখার পর কী ভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন, কী ভাবে লাইসেন্স পাবেন সে সম্পর্কে এবং মার্কেটিং সম্পর্কে যাবতীয় ধারণা শিক্ষার্থীকে দেওয়া হয়। কর্মশালায় সংস্থাই যাবতীয় উপকরণ সরবরাহ করে, বাইরে থেকে শিক্ষার্থীকে কিছু আনতে হয় না। প্রশিক্ষণের পরে সার্টিফিকেট দেওয়া হয়।

**যোগাযোগ:** প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২ (সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে)। মোবাইল: ৯৪৩২৪-৯০৩২৯/(০৩৩)২৬৭১-০২৯২।

### কাজের সুযোগ

প্রগতি-র থেকে প্রশিক্ষণ নিয়ে আপনি নিজের স্বাধীন ব্যবসা শুরু করতে পারেন, আবার এই সব সামগ্রী প্রস্তুতকারী সংস্থায় কাজ করার জন্য আবেদন করতে পারেন। প্রশিক্ষণ থাকায় আপনি অগ্রাধিকার পাবেন।

যাঁরা ব্যবসা করবেন তাঁদের প্রাথমিক ভাবে অল্প পুঁজি নিয়ে শুরু করে ধীরে ধীরে বাজার বুঝে ব্যবসা বাড়ানো বুদ্ধিমানের কাজ হবে। এখন সর্বত্র এসব সামগ্রীর চাহিদা আছে। তাই ব্যাঙ্ক-ঋণ পেতেও অসুবিধা হবে না। আপনার তৈরি স্যানিটাইজার বা ফিনাইল সম্পর্কে প্রথমে পরিচিত বন্ধুবান্ধবদের জানান। গুণমান সম্পর্কে তাঁদের কাছ থেকে পরামর্শ নিয়ে ধীরে ধীরে বিভিন্ন দোকান, হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র, অফিস, মল ইত্যাদির সঙ্গে যুক্ত হওয়ার চেষ্টা করুন। প্রোডাক্ট সম্পর্কে খবরের কাগজে বা স্থানীয় কেবল টিভিতে বিজ্ঞাপন দিন। প্রচারের জন্য কাজে লাগান সোশ্যাল মিডিয়াকেও। প্রথম দিকে দাম কম রাখলে ব্যবসা করতে সুবিধা হবে।

SBI
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
কেন্দ্রীয় নিয়োগ ও পদোন্নতি বিভাগ
কর্পোরেট সেন্টার, মুম্বাই
ফোন: 022-22820427; ফ্যাক্স: 022-22820411
(বিজ্ঞাপন নং CRPD/CR/2021-22/09)

**জুনিয়র অ্যাসোসিয়েট্স নিয়োগ (গ্রাহক সহায়তা ও বিক্রয়)**
**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার (এসবিআই) কেরানি পদমর্যাদায়**

এসবিআই-এ কেরানি পদমর্যাদায় জুনিয়র অ্যাসোসিয়েট্স (গ্রাহক সহায়তা ও বিক্রয়) নিয়োগের জন্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

**শূন্য পদের সংখ্যা: 5121 (এসসি, এসটি ও ওবিসি-র জন্য 121টি জমে-থাকা শূন্য পদ সহ)**

শূন্য পদের বিবরণ, যোগ্যতার মাপকাঠি, বিধি ও শর্তাবলি আর অনলাইন আবেদনের জন্য দয়া করে ব্যাঙ্কের ওয়েবসাইট **https://www.sbi.so.in/careers** অথবা **https://bank.sbi/careers-** "Latest Announcement/Current Openings" ভিজিট করুন। প্রার্থীরা সেখানে প্রাপ্য লিংকের মাধ্যমে তাঁদের আবেদন রেজিস্টার করতে পারেন।

- অনলাইনে আবেদন রেজিস্ট্রেশন আর ফিজ পেমেন্ট: 27.04.2021 থেকে 17.05.2021 পর্যন্ত
- অনলাইনে প্রারম্ভিক পরীক্ষার তারিখ (সাময়িকভাবে নির্দিষ্ট): জুন 2021-এ বিভিন্ন তারিখ
- অনলাইনে প্রধান পরীক্ষার তারিখ (সাময়িকভাবে নির্দিষ্ট): 31.07.2021

স্থান: মুম্বাই
তারিখ: 27.04.2021
জেনারেল ম্যানেজার
(সিআরপিডি)

# ডেডিকেটেড ফ্রেট করিডর কর্পোরেশনে ১০৭৪

*তিনের পাতার পর*

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সেইসঙ্গে নির্দিষ্ট বিভিন্ন ট্রেডের যে-কোনও একটিতে আই টি আই বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ। ট্রেডগুলি হল: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিশিয়ান, ওয়্যারম্যান। সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-২ মানের হতে হবে।

পোস্ট কোড ৩২: **জুনিয়র এক্সিকিউটিভ (সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন):** শূন্যপদ ১৪৭টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৩৭, আর্থিক ভাবে অনগ্রসর ১৩)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ১৮টি এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৭টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সেইসঙ্গে নির্দিষ্ট বিভিন্ন ট্রেডের যে-কোনও একটিতে ২ বছর মেয়াদের অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ বা আই টি আই কোর্স পাশ। ট্রেডগুলি হল: ইলেক্ট্রনিক্স, কমিউনিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, টিভি অ্যান্ড রেডিও, ইলেক্ট্রনিক ইনস্ট্রুমেন্টেশন, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ডিজিটাল ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইলেক্ট্রনিক্স, কম্পিউটার, কম্পিউটার নেটওয়ার্কিং, ডেটা নেটওয়ার্কিং। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: বি-১ মানের হতে হবে।

পোস্ট কোড ৩৩: **জুনিয়র এক্সিকিউটিভ (অপারেশন অ্যান্ড বি ডি):** শূন্যপদ ২২৫টি (সাধারণ ৯০, তফসিলি জাতি ৩৪, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৬১, আর্থিক ভাবে অনগ্রসর ২৩)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩৩টি এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৯টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সেইসঙ্গে যে-কোনও ট্রেডে ২ বছর মেয়াদের অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ বা আই টি আই কোর্স পাশ। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা, যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-২ মানের হতে হবে।

পোস্ট কোড ৩৪: **জুনিয়র এক্সিকিউটিভ (মেকানিক্যাল):** শূন্যপদ ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীর জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সেইসঙ্গে ফিটার বা ইলেক্ট্রিশিয়ান বা মোটর মেকানিক বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ২ বছর মেয়াদের অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ বা আই টি আই কোর্স পাশ। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: বি-১ মানের হতে হবে।

বয়স: ১-১-২০২১ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,০০০-৬৮,০০০ টাকা।

সব ক্ষেত্রেই বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা, প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারভিত্তিক অ্যাপ্টিটিউড টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। সবশেষে মেডিক্যাল টেস্ট হবে। সব পদের ক্ষেত্রেই কম্পিউটারভিত্তিক পরীক্ষার অন্যতম কেন্দ্র কলকাতা। পরীক্ষা জুনে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dfccil.com. অনলাইন দরখাস্ত করা যাবে ২৩ মে পর্যন্ত।

পরীক্ষার ফি বাবদ অনলাইনে জমা দিতে হবে জুনিয়র এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে ৭০০ টাকা, এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে ৯০০ টাকা এবং জুনিয়র ম্যানেজার পদের ক্ষেত্রে ১,০০০ টাকা।

তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রুরকি আই আই টিতে ১২২

জুনিয়র ল্যাব অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট এবং জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট পদে ১২২ জনকে নেবে রুরকির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IITR/Rect Cell/2021/1.

**শূন্যপদের বিবরণ: জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট (গ্রুপ বি):** ৩১টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: যে- কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি অফিস অ্যাপ্লিকেশন এবং সেক্রেটারিয়েট প্র্যাকটিস বিষয়ে জ্ঞান থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**জুনিয়র ল্যাব অ্যাসিস্ট্যান্ট (গ্রুপ সি):** ৫২টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৭, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি, স্নাতকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে অথবা বি সি এ অথবা ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছর মেয়াদের ডিপ্লোমা। কম্পিউটার অ্যাপ্লিকেশন জানতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা।

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (গ্রুপ সি):** ৩৯টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটারে অফিস অ্যাপ্লিকেশন জানতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা।

সব ক্ষেত্রেই ১১-৫-২০২১ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.iitr.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ১১ মে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ২৫০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নার্সিংয়ের এম এসসি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা ১৪ অগস্ট

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে নার্সিংয়ের এম এসসি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা আয়োজিত হবে ১৪ অগস্ট (শনিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড।

**শিক্ষাগত যোগ্যতা:** নার্সিংয়ে অনার্স-সহ বি এসসি বা বি এসসি। অথবা পোস্ট-বেসিক বি এসসি (অনার্স-সহ) বা বি এসসি। অথবা দূরশিক্ষা ব্যবস্থায় ৩ বছরের বি এসসি নার্সিং ডিগ্রি কোর্স পাশ। এর পাশাপাশি ৩০-৯-২০২১ তারিখে সংশ্লিষ্ট কাজে সরকারি কর্মীদের ক্ষেত্রে ৩ বছর, দূরশিক্ষায় পাশ প্রার্থীদের ক্ষেত্রে ২ বছর এবং অন্যান্য ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

সবক্ষেত্রেই প্রার্থীকে অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

পরীক্ষায় নার্সিং-সংক্রান্ত বিষয়ে দুটি পার্টে ১০০টি অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পরীক্ষা নেওয়া হবে দুপুর ২টো থেকে বিকেল সাড়ে ৩টে পর্যন্ত। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১০ অগস্ট থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১০ মে।

দরখাস্তের সময় কম্পিউটারে স্ক্যান করে আপলোড করতে হবে এইসব নথি: প্রার্থীর রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), প্রয়োজনীয় নথিপত্র (পি ডি এফ ফর্ম্যাটে, ৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ৩,০০০ টাকা। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

সাবমিট করা আবেদনপত্রে ত্রুটি থাকলে তা সংশোধন করা যাবে ১১-১২ মে।

যোগাযোগের ঠিকানা: The Controller of Examinations, West Bengal Joint Entrance Examinations Board, AQ-13/1, Sector –V, Salt Lake City, Kolkata-700091. ফোন নম্বর: ১৮০০-১০২৩-৭৮১, ১৮০০-৩৪৫০-০৫০

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in